# বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়

# VIDYASAGAR UNIVERSITY

## Question Paper

## B.A. Honours Examinations 2022

**(Under CBCS Pattern)**

## Semester - VI

## Subject : BENGALI

**Paper : DSE 3-T**

**Full Marks : 60**

**Time : 3 Hours**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*The figures in the margin indicate full marks.*

Vidyasagar University

## গদ্যসাহিত্য পাঠ

### বিভাগ-ক

১. যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) ‘আলালের ঘরে দুলাল’ কী জাতীয় রচনা? গ্রন্থটির প্রথম প্রকাশক কে ছিলেন?

(খ) ‘এদের একটা শিক্ষা দিতে হবে’—কে, কাদেরকে, কী শিক্ষা দিয়েছিলেন?

(গ) ‘পৃথিবীতে তাহাদিগের তুল্য আত্মীয় আর নাই’।—কাদের দেখে, কার এমন অনুভূতি হয়েছিল?

(ঘ) ‘তোমাদের পেট ভরা, আমার পেটের ক্ষুধা কি প্রকারে জানিবে!’—কে, কাকে এই কথাগুলো বলেছিল? এই কথাগুলো বলার কারণ কী ছিল?

(ঙ) 'বিস্তর লোক উপোসে মরলো'—উদ্ধৃতাংশটি কোন প্রবন্ধ থেকে গৃহীত হয়েছে? বিস্তর লোক উপোসে মরার কারণ কী?

(চ) 'এসো এসো বঁধু এসো' উদ্ধৃত পদটি কার লেখা? উদ্ধৃত পদটি কোন প্রবন্ধে ব্যবহৃত হয়েছ?

(ছ) বরদাপ্রসাদ বাবুর বাড়ি কোথায় ছিল? তিনি স্কুলে কত মাইনের চাকুরি পেয়েছিলেন?

(জ) 'আমার মন' প্রবন্ধে কে, কাকে, কেন দ্বিতীয় দধীচি বলে সম্বোধন করেছে?

**বিভাগ-খ**

২. যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'আমার দুর্গোৎসব' প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের যে স্বদেশপ্রীতির পরিচয় ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'আলালের ঘরে দুলাল' উপন্যাস অবলম্বনে বেচারামবাবুর চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

(গ) 'ইন্টারভ্যু' প্রবন্ধটি রম্যরচনা হিসেবে কতখানি সার্থক তা সংক্ষেপে বিচার করো।

(ঘ) " 'পতঙ্গ' প্রবন্ধে রূপকের আড়ালে একটি গভীর দার্শনিক তত্ত্বকে প্রকাশ করা হয়েছে।"—এই সম্পর্কে তোমার অভিমত সংক্ষেপে ব্যক্ত করো।

(ঙ) 'আলালের ঘরে দুলাল' গ্রন্থে যে সময়ের সমাজচিত্র প্রতিফলিত হয়েছে সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(চ) 'পঞ্চতন্ত্র' অবলম্বনে সৈয়দ মুজতবা আলীর রচনাশৈলীর বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।

**বিভাগ-গ**

৩. যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

(ক) 'আলালের ঘরে দুলাল' সার্থক উপন্যাস হিসেবে কতখানি শিল্পরূপ লাভ করেছে তা যুক্তিসহ আলোচনা করো।

(খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থে যে হাস্যরসের সৃষ্টি করেছেন, পাঠ্য প্রবন্ধগুলি অবলম্বনে তার স্বরূপ উদ্ঘাটিত করো।

Vidyasagar University

(গ) সৈয়দ মুজতবা আলীর 'পঞ্চতন্ত্র' অবলম্বনে 'বিষ্ণুশর্মা' প্রবন্ধের মূল প্রতিপাদ্য বিষয় আলোচনা করো।

(ঘ) 'আমার মন' প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের দার্শনিক উপলব্ধির স্বরূপ নিজের ভাষায় বিশ্লেষণ করো।

(ঙ) 'আলালের ঘরে দুলাল' অবলম্বনে ভিলেন চরিত্র হিসেবে ঠকচাচা চরিত্রটি কতখানি সার্থকতা লাভ করেছে তা যুক্তিসহ আলোচনা করো।

Vidyasagar University

**Or,**

**Paper - DSE 3-T**

# কাব্যসাহিত্য পাঠ

## বিভাগ-ক

১. যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) 'বিস্মরণী' কাব্যগ্রন্থটি কত খ্রীষ্টাব্দে, কোথা থেকে প্রকাশিত হয়?

(খ) 'যৌবন বাউল' কাব্যটিতে মোট কতগুলো কবিতা রয়েছে? কাব্যগ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেছিলেন?

(গ) 'যৌবন বাউল' কাব্যের প্রথম এবং শেষ কবিতার নাম লেখো।

(ঘ) 'বিস্মরণী' কাব্যগ্রন্থের প্রথম কবিতাটির নাম লেখো। কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ঙ) 'গাছ চাই, গাছ হবে, ছায়া দেবে, বাড়িতে বাগানে'—কোন কাব্যের কোন কবিতার অংশ? কবির নাম লেখো।

(চ) ওক্লাহোমা কোন দেশে অবস্থিত? 'ওক্লাহোমা' কবিতাটিতে কোন বিশেষ বোধের পরিচয় পাওয়া যায়?

(ছ) 'মাটির বুকে যারাই আছি এই দুর্দিনের ঘরে'—কোন কবিতার অংশ? এই চরণটির মধ্য দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন, তা অতি সংক্ষেপে লেখো।

(জ) 'পান্থ' কবিতাটি কত খ্রীষ্টাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয়? কবিতাটি কাকে উদ্দেশ্য করে কবি লিখেছেন?

## বিভাগ-খ

২. যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'যৌবন বাউল' কাব্যের 'হাটের পরে' কবিতার বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'বিস্মরণী' কাব্যের 'মোহমুদ্গর' কবিতাটির মূল ভাববস্তু বিশ্লেষণ করো।

(গ) "কঙ্কাল গাছ ভাদ্রশেষের ভিখারী ডালটা নাড়ে,

কড়া রোদ্দুর প্রখর দুপুরে ফাটে"—কোন কবিতার অংশ? উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

Vidyasagar University

(ঘ) ‘পিঁপড়ে’ কবিতায় কবির যে জীবনপ্রীতির পরিচয় ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) ‘পারাপার’ কাব্যগ্রন্থের ‘চিরদিন’ কবিতাটির মধ্যে কবিমনের যে গভীর আশাবাদের সুর ধ্বনিত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

(চ) ‘বিস্মরণী’ কাব্যের মধ্যে কবির দেহবাদী ভাবনা কতখানি ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।

**বিভাগ-গ**

৩. যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

(ক) ‘পারাপার’ কাব্য অবলম্বনে অমিয় চক্রবর্তীর আন্তর্জাতিক ভাবনা আলোচনা করো।

(খ) ‘যৌবনবাউল’ কাব্যগ্রন্থের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) ‘বিস্মরণী’ কাব্যের মধ্যে মোহিতলালের সৌন্দর্যপিপাসু রোমান্টিক মনের যে পরিচয় ফুটে উঠেছে তা নিজের ভাষায় আলোচনা করো।

(ঘ) ‘পারাপার’ কাব্য অবলম্বনে কবি অমিয় চক্রবর্তীর প্রেমভাবনার পরিচয় দাও।

(ঙ) ‘যৌবনবাউল’ কাব্যগ্রন্থে মানবজীবনের প্রতি কবির ঐকান্তিক ভালোবাসা ও জীবনানুভূতির যে গভীর প্রকাশ ঘটেছে তা বিবৃত করো।

Vidyasagar University

**Or,**

**Paper - DSE 3-T**

# নাট্যসাহিত্য পাঠ

**বিভাগ-ক**

১. যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) 'চন্দ্রগুপ্ত' নাটকের চারটি ঐতিহাসিক চরিত্রের নাম লেখো।

(খ) 'সাজানো বাগান' নাটকটিতে কয়টি নারী চরিত্র রয়েছে? তাদের নাম লেখো।

(গ) 'চন্দ্রগুপ্ত' নাটকটিতে কতগুলি অঙ্ক এবং কতগুলি দৃশ্য রয়েছে?

(ঘ) 'শিককাবাব' নাটকটিতে শিককাবাব কে তৈরি করেছিল? কাদের জন্য শিককাবাব তৈরি করা হয়েছিল?

(ঙ) 'এক পশলা বৃষ্টি' একাঙ্ক নাটকে খোকা এবং খুকির বয়স কত? তাদের পিতার নাম কী?

(চ) 'সরীসৃপ' একাঙ্কটি কার লেখা? এই নাটকে কোন থিয়েটারের নাম উল্লেখ রয়েছে?

(ছ) 'রাজপুরী' একাঙ্ক নাটকটি কত সালে, কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

(জ) 'চোর্যানন্দ' একাঙ্ক নাটকের যে কোনো চারটি চরিত্রের নাম লেখো।

**বিভাগ-খ**

২. যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'সরীসৃপ' একাঙ্ক নাটকে চাঁপা কে? তার শেষ পরিণতি কী হয়েছিল?

(খ) 'সত্য সেলুকস! কি বিচিত্র এই দেশ।'—কার উক্তি? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) 'রাজপুরী' নাটকের সংলাপ সৃষ্টিতে নাট্যকারের দক্ষতা বিচার করো।

(ঘ) 'এক পশলা' একাঙ্ক নাটক অবলম্বনে প্রশান্ত চরিত্রটি আলোচনা করো।

(ঙ) 'সাজানো বাগান' নাটকের গঠনশৈলী সংক্ষেপে আলোচনা করো।

(চ) 'শিকাবাব' একাঙ্ক নাটক অবলম্বনে জীবনধন চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

Vidyasagar University

## বিভাগ-গ

৩. যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

(ক) 'চোর্যানন্দ' একাঙ্ক নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'চন্দ্রগুপ্ত' নাটকে সঙ্গীত ব্যবহারের উপযোগিতা আলোচনা করো।

(গ) 'সাজানো বাগান' নাটকটির সংলাপের সার্থকতা বিচার করো।

(ঘ) 'সরীসৃপ' নাটকে ম্যাডামের চরিত্রটি নিজের ভাষায় বিশ্লেষণ করো।

(ঙ) 'শিককাবাব' একাঙ্ক নাটক অবলম্বনে নাট্যকার বনফুলের যে সমাজচেতনার পরিচয় ফুটে উঠেছে তা বিবৃত করো।

Vidyasagar University